

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.১৮.

তারিখ:

০৯ অগ্রহায়ণ ১৪২৭

২৪ নভেম্বর ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব ফারহানা বিলকিস, সহকারী অধ্যাপক (ভূগোল), সরকারি ইয়াসিন কলেজ, ফরিদপুর এর বিরুদ্ধে ডাচ বাংলা ব্যাংক, বিজয়নগর শাখা, ঢাকা- এ একটি যৌথ হিসাব (নং- ১৯১.১৫১.৪৯৫৩০) খুলে বিভিন্ন ব্যক্তির নিকট হতে বিপুল অঙ্কের অর্থ সংগ্রহ এবং সংগৃহীত অর্থ বর্ণিত ব্যাংক হিসাবে জমা করে বিভিন্ন সন্দেহজনক খাতে ব্যয় করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও পরবর্তীতে বিধি অনুযায়ী অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয় এবং তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব ফারহানা বিলকিস, সহকারী অধ্যাপক (ভূগোল), সরকারি ইয়াসিন কলেজ, ফরিদপুর এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাববন্দি এবং তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ২২.১১.২০২০
(মোঃ মাহবুব হোসেন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.১৮. ৪২১/৩(৮)

তারিখ:

০৯ অগ্রহায়ণ ১৪২৭

২৪ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব ফারহানা বিলকিস এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি ইয়াসিন কলেজ, ফরিদপুর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
- ৮। জনাব ফারহানা বিলকিস, সহকারী অধ্যাপক (ভূগোল), সরকারি ইয়াসিন কলেজ, ফরিদপুর।

(মোহাম্মদ আবু মাসের বেগ)
উপসচিব
ফোন: ৯৫৫৩২৭৬